

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
(পার-৪ অধিশাখা)  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.০০.০০০০.১৫০.১৫.০২২.১৮-

তারিখ: ০১.০৭.২০১৯ খ্রি:

বিষয়: স্বাস্থ্য সেবা বিভাগের অধীন বিভিন্ন প্রতিষ্ঠানে রাজস্বখাতে পদ সৃজনের বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

সভার তারিখ : ২৭.০৬.২০১৯ খ্রি:  
সভার সময় : সকাল ১১.০০ টায়।  
সভার স্থান : কক্ষ নং-৩২৩, ভবন নং-৩, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।  
সভাপতি : মোঃ হাবিবুর রহমান খান  
অতিরিক্ত সচিব (প্রশাসন),  
স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট-‘ক’ সংযুক্ত।

আলোচনা: সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমোদনক্রমে রোকেয়া বেগম, উপ-সচিব (পার-৪) অধিশাখা অধ্যকার সভার আলোচ্য বিষয় অনুসারে ০২ (দুই) টি প্রতিষ্ঠান এবং বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানে/হাসপাতালে গ্রাজুয়েট মেডিকেল টেকনোলজিস্ট পদ সৃজনের বিষয়ে আলোকপাত করেন। প্রতিষ্ঠানগুলো হলো: কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল, সাতক্ষীরা ৫০০ শয্যা বিশিষ্ট মেডিকেল কলেজ হাসপাতাল, সরকারি প্রতিষ্ঠানে/হাসপাতালে গ্রাজুয়েট মেডিকেল টেকনোলজিস্ট বিষয়ে পদ সৃজন।

**১। ক) কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালের জন্য পদ সৃজন:**

বাংলাদেশের বর্তমান জনসংখ্যার তুলনায় জনবল এবং সেবাদানকারী প্রতিষ্ঠান সরকারী ভাবে অপ্রতুল। বাংলাদেশের বৃহত্তম জনগোষ্ঠীই দরিদ্র এবং বে-সরকারি প্রতিষ্ঠান থেকে স্বাস্থ্য সেবা গ্রহণ করা তাদের আর্থিক সম্ভাব্যতার বাইরে বিধায় তারা সরকারি চিকিৎসা প্রতিষ্ঠান থেকে স্বাস্থ্য সেবার সুযোগ পাবে। এই প্রত্যাশার কথা বিবেচনা করে সরকার কুষ্টিয়াতে একটি আধুনিক ৫০০ শয্যা বিশিষ্ট পূর্ণাঙ্গ মেডিকেল কলেজ হাসপাতাল নির্মাণ করে কুষ্টিয়া ও তার পার্শ্ববর্তী জেলার জনসাধারণের চিকিৎসা সেবার মান উন্নয়ন এবং তুলনামূলক ভাবে স্বল্পব্যয়ে দক্ষ স্বাস্থ্য সেবাদানকারী আধুনিক চিকিৎসার সুযোগ সৃষ্টি করেছে। সেই সাথে দক্ষ স্বাস্থ্য সেবা দানকারী জনবল তৈরী করার লক্ষ্যে রাজস্বখাতে স্থায়ী/অস্থায়ীভাবে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালের জন্য ১৪৪৯টি পদ সৃজনের বিষয়ে স্বাস্থ্য অধিদপ্তর হতে প্রস্তাব করা হয়েছে। প্রস্তাবিত পদের মধ্যে ১ম শ্রেণীর-২৭৮টি, ২য় শ্রেণীর-৩০২টি, ৩য় শ্রেণীর-১৫২টি, ৪র্থ শ্রেণীর-১২৪টি এবং ৫৯৩টি আউটসোর্সিং পদ রয়েছে।

প্রাসংগিক বিষয়াদির উপর বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

(i) গত ২৫.০৬.২০১৯ তারিখে অনুষ্ঠিত সভায় শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ হাসপাতালের প্রস্তাব কে ভিত্তি ধরে ৫০০ শয্যা বিশিষ্ট মেডিকেল কলেজ হাসপাতালের স্ট্যান্ডার্ড সেট আপ প্রনয়নে সিদ্ধান্ত হয়। স্ট্যান্ডার্ড সেট আপ অনুমোদিত হলে সে অনুযায়ী প্রস্তাব প্রেরণ করতে হবে।

**২) সাতক্ষীরা ৫০০ শয্যা বিশিষ্ট মেডিকেল কলেজ হাসপাতালের জন্য পদ সৃজনঃ**

স্বাস্থ্য অধিদপ্তর হতে সাতক্ষীরা মেডিকেল কলেজ হাসপাতাল এর জন্য ১২৮০টি পদ সৃজনের জন্য প্রস্তাব করা হয়েছে। প্রস্তাবিত পদের মধ্যে ১ম শ্রেণির ৩৬১টি, ২য় শ্রেণির ৪৩৭টি, ৩য় শ্রেণির ১৩০টি এবং ৪র্থ শ্রেণির ৩৫৪টি পদ রয়েছে।

প্রাসংগিক বিষয়াদির উপর বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

(i) গত ২৫.০৬.২০১৯ তারিখে অনুষ্ঠিত সভায় শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ হাসপাতালের প্রস্তাব কে ভিত্তি ধরে ৫০০ শয্যা বিশিষ্ট মেডিকেল কলেজ হাসপাতালের স্ট্যান্ডার্ড সেট আপ প্রনয়নে সিদ্ধান্ত হয়। স্ট্যান্ডার্ড সেট আপ অনুমোদিত হলে সে অনুযায়ী প্রস্তাব প্রেরণ করতে হবে।

**৩) সরকারি প্রতিষ্ঠানে/হাসপাতালে গ্রাজুয়েট মেডিকেল টেকনোলজিস্টদের জন্য ১৬৪১টি পদ সৃজনঃ**

স্বাস্থ্য অধিদপ্তর হতে বাংলাদেশ মেডিকেল টেকনোলজিস্ট এসোসিয়েশনের সভাপতি মির্জা মো: আব্দুল আলিম কর্তৃক গ্রাজুয়েট মেডিকেল টেকনোলজিস্টদের জন্য সরকারি মেডিকেল কলেজ, মেডিকেল কলেজ হাসপাতাল, বিশেষায়িত হাসপাতাল ও ইনস্টিটিউট, ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি এবং জেলা সদর/জেনারেল হাসপাতাল সমূহে বিভিন্ন ক্যাটাগরির পদ সৃজনের জন্য প্রস্তাব দাখিল করেন। তার দাখিলকৃত প্রস্তাব যাচাই-বাছাই করার জন্য অত্র দপ্তরে একটি কমিটি গঠন করা হয়। গঠিত কমিটি সংশ্লিষ্ট প্রস্তাব যাচাই-বাছাই করে বিভিন্ন ক্যাটাগরিতে ১০১২টি পদ সৃজনের জন্য মতামত প্রদান করেন। পরবর্তীতে কিছু স্বাস্থ্য প্রতিষ্ঠান বৃদ্ধি পাওয়ায় সেগুলোতে সংশ্লিষ্ট পদগুলি সৃষ্টির প্রয়োজনীয়তা দেখা দেওয়ায় বর্ণিত বিষয়ে মতামত প্রদানের জন্য ২য় পর্যায়ের আরেকটি কমিটি গঠন করা হয়। ২য় পর্যায়ের গঠিত কমিটি স্বাস্থ্য অধিদপ্তরধীন বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠানে বিভিন্ন ক্যাটাগরির মোট ১৬৪১ (এক হাজার ছয়শত একচল্লিশ) টি পদ সৃষ্টির নিমিত্ত মতামত প্রদান করেন। কমিটির মতামতের প্রেক্ষিতে স্বাস্থ্য অধিদপ্তরধীন প্রতিষ্ঠান সমূহে গ্রাজুয়েট মেডিকেল টেকনোলজিস্টদের জন্য ১৬৪১ (এক হাজার ছয়শত একচল্লিশ) টি পদ সৃজনের নিমিত্ত জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত চেকলিস্ট পূরণ করে চাহিদা মোতাবেক (প্রস্তাবিত পদের নাম, সংখ্যা, বেতন গ্রেড, যৌক্তিকতা, কাজ বৃদ্ধির পরিমাণ ও ধরণ, বাৎসরিক আর্থিক সংশ্লেষ, অগ্রানোগ্রাম, খসড়া নিয়োগবিধি, কর্মপরিকল্পনা ছক পূরণ) সকল তথ্যাদি সংযুক্ত করে প্রস্তাব প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হয়।

প্রাসংগিক বিষয়াদির উপর বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:


(i) গত ২৫.০৬.২০১৯ তারিখে অনুষ্ঠিত সভায় শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ হাসপাতালের প্রস্তাব কে ভিত্তি ধরে ৫০০ শয্যা বিশিষ্ট মেডিকেল কলেজ হাসপাতালের স্ট্যান্ডার্ড সেট আপ প্রনয়নে সিদ্ধান্ত হয়। স্ট্যান্ডার্ড সেট আপ অনুমোদিত হলে সে অনুযায়ী প্রস্তাব প্রেরণ করতে হবে। ৫০০ শয্যার স্ট্যান্ডার্ড সেট আপ প্রণীত হলে পর্যায়ক্রমে বিভিন্ন শয্যার হাসপাতালের স্ট্যান্ডার্ড সেট আপ সংশোধনের মাধ্যমে সরকারি প্রতিষ্ঠান/হাসপাতালে গ্রাজুয়েট মেডিকেল টেকনোলজিস্টদের অন্তর্ভুক্তি করতে হবে।

৪। সভায় আর কোন অলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা/-  
(মোঃ হাবিবুর রহমান খান)  
সভাপতি  
ও  
অতিরিক্ত সচিব (প্রশাসন)  
স্বাস্থ্য সেবা বিভাগ  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। যুগ্মসচিব (পার), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর মহাখালী, ঢাকা।
- ৪। প্রকল্প পরিচালক, কুষ্টিয়া মেডিকেল কলেজ ও হাসপাতাল, কুষ্টিয়া।
- ৫। তত্ত্বাবধায়ক, সাতক্ষীরা মেডিকেল কলেজ হাসপাতাল, সাতক্ষীরা।
- ৬। মির্জা মো: আব্দুল আলিম, সভাপতি, বাংলাদেশ মেডিকেল টেকনোলজিস্ট এসোসিয়েশন।
- ৭। মোঃ সরোয়ার হোসেন, সভাপতি, বাংলাদেশ সোসাইটি অব রেডিওলজি এন্ড ইমেজিং টেকনোলজি।
- ৮। উত্তম কুমার, সভাপতি (ভারপ্রাপ্ত), ডেন্টিস্টস্ সোসাইটি অব বাংলাদেশ।
- ৯। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (তাকে পদ সৃজন সংক্রান্ত সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ১০। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

  
রোকেয়া বেগম  
উপসচিব